

### অতিরিক্ত সচিব/মহাপরিচালক-২ :

১. প্রধানমন্ত্রী ও মুখ্য সচিবকে তাঁদের দায়িত্ব পালনে সহায়তা প্রদান;
২. প্রধানমন্ত্রী ও মুখ্য সচিবকে নিম্নবর্ণিত মন্ত্রণালয়/বিভাগ সংশ্লিষ্ট নীতিমালা প্রণয়ন, বাস্তবায়ন ও গুরুত্বপূর্ণ প্রশাসনিক বিষয়ে সিদ্ধান্ত গ্রহণে সহায়তা প্রদান :  
যোগাযোগ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, অর্থ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিষয়ক মন্ত্রণালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য মন্ত্রণালয়, বিজ্ঞান এবং তথ্য ও প্রযুক্তি বিষয়ক মন্ত্রণালয়, ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয় এবং নৌ-পরিবহণ মন্ত্রণালয়;
৩. 'প্রধানমন্ত্রীর কার্যালয়ের কর্মকর্তাগণের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ' মোতাবেক অর্পিত প্রশাসনিক ও আর্থিক দায়িত্ব পালন;
৪. সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের আইন, বিধি, আদেশ ও প্রশাসনিক নির্দেশ প্রণয়নে মুখ্য সচিবকে সহায়তা প্রদান;
৫. পরিচালকগণ কর্তৃক উপস্থাপিত নথি/সার-সংক্ষেপ আইন ও বিধির আলোকে পুনঃপরীক্ষা;
৬. সংশ্লিষ্ট অধঃস্তন কর্মকর্তাদের কাজের তত্ত্বাবধান ও সমন্বয়;
৭. প্রধানমন্ত্রী কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত ও নির্দেশাবলি বাস্তবায়ন ও মনিটর করার কাজে সংশ্লিষ্ট পরিচালক/কর্মকর্তার কাজের তদারকি এবং দায়িত্ব সম্পাদনে প্রয়োজনীয় নির্দেশ ও পরামর্শ প্রদান;
৮. ব্যক্তিগত কর্মচারীদের কাজের তত্ত্বাবধান ও নিয়ন্ত্রণ;
৯. প্রয়োজনে পরিচালকগণের প্রতিকল্প সমন্বয়; এবং
১০. প্রধানমন্ত্রী ও মুখ্য সচিব কর্তৃক অর্পিত অন্যান্য দায়িত্ব।